**গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)**

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা-১২০৭।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) ২০২২-২৩ এর আওতায় জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী হাসান মাসুদ, কোম্পানি সচিব, জিটিসিএল |
| সভার তারিখ | : | ২৮.১১.২০২২ |
| সভার সময় | : | সকাল ১১: ০০ |
| স্থান | : | অনলাইন |
| উপস্থিতি | : | রেকর্ডেড |

কমিটির আহবায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত ২য় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আহবায়কের অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) ও ফোকাল পয়েন্ট সিটিজেন চার্টার কমিটি, জিটিসিএল, সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় কোম্পানির আওতাধীন ০৫ (পাঁচ)টি আঞ্চলিক স্থাপনা/দপ্তরসমূহের প্রধানের সমন্বয়ে অনলাইন সিস্টেম (জুম আইডি)-এর মাধ্যমে এ সভার আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় কিভাবে আঞ্চলিক স্থাপনা/দপ্তরসমূহের সাথে আন্তঃসম্পর্ক বৃদ্ধি ও সেবার মান  উন্নত করা যায় সে বিষয়ে নিম্নোক্ত স্থাপনাসমূহের প্রধানদের সাথে জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্যদের সমন্বয়ে এ সভার আয়োজন করা হয়েছে;

ক) ট্রান্সমিশন ডিপার্টমেন্ট-চট্টগ্রাম

খ) আনোয়ারা সিজিএস

গ) মহেশখালী সিটিএমএস

ঘ) ভেড়ামারা সিজিএস এবং

ঙ) ঈশ্বরদী টিবিএস

আলোচ্য বিষয়ে কমিটির আহবায়ক অনলাইন সভায় অংশগ্রহণকারী সকলকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের নিমিত্ত আহবান জানান। উক্ত আলোচনায় সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় জিটিসিএল-এর আওতাধীন আঞ্চলিক স্থাপনা/কার্যালয়সমূহের প্রধানগণ স্থাপনা/কার্যালয়সমূহ পরিচালনায় তাদের পারস্পরিক সুবিধা-অসুবিধা নিয়ে বিশদ আলোচনা করেন। অনলাইন আলোচনা সভায় অংশগ্রহণকারী প্রতিনিধিগণ জিটিসিএল-আন্তঃবিভাগ, ডিপার্টমেন্ট, সেকশনের মধ্যে তাদের পারস্পরিক সম্পর্ক নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

জিটিসিএল-এর উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন ডিপার্টমেন্ট, চট্টগ্রাম) সভাকে অবহিত করেন যে, অপারেশনাল কার্যক্রমের অংশ হিসেবে চট্টগ্রাম ও এর আওতাধীন এলাকায় অবস্থিত অন্যান্য দপ্তর/সংস্থার সাথে নিবিড় যোগাযোগ রক্ষাসহ সেবা প্রদান ও গ্রহণ নিশ্চিত করা হয়। তিনি আরও বলেন যে, আলোচ্য কার্যক্রম পরিচালনার বিপরীতে বিভিন্ন স্টেকহোল্ডারগণের বিলসমূহ প্রধান কার্যালয় হতে ম্যানুয়াল চেকের মাধ্যমে পরিশোধ করা হয়। উক্ত চেকসমূহ আঞ্চলিক কার্যালয় কর্তৃক সংগ্রহ করে বিভিন্ন দপ্তরকে প্রদান করতে হয় যা অত্যন্ত সময় ও ব্যয় সাপেক্ষ। আলোচ্য রেগুলেটরি ও অন্যান্য পেমেন্টসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে সরাসরি প্রদান করার বিষয়টি তিনি তুলে ধরেন। এ বিষয়ে পরিচালক (অর্থ) উক্ত প্রস্তাব যাচাই-বাঁছাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন।

মহেশখালী সিটিএমএস এর ইনচার্জ বলেন যে, স্থাপনায় সংযুক্ত দাপ্তরিক কাজে গাড়ি ব্যবহারের যে সিলিং রয়েছে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল এবং তিনি উক্ত সিলিং বৃদ্ধির প্রয়োজনীয়তা তুলে ধরলে উক্ত প্রস্তাবের সাথে ইনচার্জ-আনোয়ারা সিজিএসসহ উপস্থিত সকল স্থাপনা প্রধানগণ একমত পোষণ করেন। এ বিষয়ে মহাব্যবস্থাপক (জেনারেল

সার্ভিসেস) সভায় উল্লেখ করেন যে, বিষয়টি যেহেতু কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক কার্যকর করা হয়েছে, সেহেতু তিনি বিষয়টি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন বলে মতামত ব্যক্ত করেন।

ঈশ্বরদী টিবিএস এর ইনচার্জ সভায় উল্লেখ করেন যে, ইমপ্রেস ফান্ড এর ব্যয় ও এর সমন্বয় প্রদান করা সময় সাপেক্ষ হওয়ায় তাতে স্থাপনাসমূহের দৈনন্দিন ক্রয় কার্যক্রম ব্যাহত হয়। এ বিষয়ে সকল স্থাপনা প্রধানগণ একমত প্রকাশ করেন। এছাড়াও ঈশ্বরদী স্থাপনার ইনচার্জ স্থাপনার প্রশাসনিক এলাকার মধ্যে জরুরী প্রয়োজনে সার্বক্ষণিক যাতায়াতের প্রয়োজন হয় বিধায় তিনি স্থাপনার জরুরী রক্ষণাবেক্ষণ কাজ সুষ্ঠু ও সুচারুভাবে সম্পাদনের নিমিত্ত একটি পিক-আপ বরাদ্দের জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, যে সকল স্থাপনায় ইমপ্রেস ফান্ড নেই সে সমস্ত স্থাপনায় কর্মরত কোন কর্মকর্তার নামে অগ্রিম নিয়ে দৈনন্দিন ব্যয়সহ যাবতীয় কার্যক্রম পরিচালিত হয়। হিসাব ডিভিশন কর্তৃক কোন কর্মকর্তার নামে ২ (দুটি) অগ্রিম সমন্বয় বাকি থাকলে তার নামে নতুন করে আর কোন অগ্রিম প্রদান করা হয় না, ফলে স্থাপনার জরুরী কার্যক্রম সম্পাদনে সমস্যার সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে পরিচালক (অর্থ) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি আলোচ্য সমস্যা নিরসনের লক্ষ্যে বিষয়টি কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের আশ্বাস প্রদান করেন।

ভেড়ামারা সিজিএস এর ইনচার্জ বলেন যে, তার স্থাপনার আওতাধীন এলাকায় দাপ্তরিক প্রয়োজনে ভ্রমণ করে ডিএ বিল দাখিল করলে ডিএ বিল না পাওয়ার বিষয়টি তুলে ধরেন। এতদবিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে পরিচালক (অর্থ) সভায় উল্লেখ করেন।

পরিশেষে আহবায়ক সভায় উপস্থিত সকল অংশগ্রহণকারীকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এ ধরনের সভার আয়োজন অব্যাহত থাকলে তা আন্তঃবিভাগীয় সেবার মান উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে। এছাড়া আজকের সভার আলোচনায় উঠে আসা সমস্যাসমূহ নিরসনে প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য বিষয়গুলো আগামী সমন্বয় সভায় উপস্থাপনের জন্য আশ্বাস প্রদান করেন।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি অনলাইন সভায় সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| (সরোজ কান্তি মজুমদার)<br>উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) ও<br>সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত<br>পরিবীক্ষণ কমিটি, জিটিসিএল | 28/07/2022<br>(কাজী হাসান মাসুদ)<br>কোম্পানি সচিব ও<br>আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত<br>পরিবীক্ষণ কমিটি, জিটিসিএল |

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক/কোম্পানি সচিব ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস্) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৪। পরিচালক (অর্থ) অ.দা. ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, ট্রান্সমিশন ডিপার্টমেন্ট, চট্টগ্রাম ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল।
৬। উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং), জিটিসিএল, ঢাকা।
৭। ব্যবস্থাপক ও ইনচার্জ, মহেশখালী সিটিএমএস, জিটিসিএল।
৮। ব্যবস্থাপক ও ইনচার্জ, আনোয়ারা সিজিএস, জিটিসিএল।
৯। ব্যবস্থাপক ও ইনচার্জ, ভেড়ামারা সিজিএস, জিটিসিএল।
১০। উপ-ব্যবস্থাপক ও ইনচার্জ, ঈশ্বরদী টিবিএস, জিটিসিএল।
১১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল, ঢাকা।
১২। অফিস কপি।